গাংনীতে প্রেমিকার বিয়ে হয়ে যাওয়ায়, প্রেমিকের আত্মহত্যা

প্রেমিকার অন্যত্রে বিয়ে হয়ে যাওয়ায় আত্মহত্যা করেছেন রাজা হোসেন (১৮) নামের এক কিশোর।

রাজা গাংনীর উপজেলার সীমান্তবর্তি সহড়াতলা গ্রামের ছিটাপাড়া এলাকার মনিরুল ইসলামের ছেলে। সে পেশায় একজন রাজমিস্ত্রি। আজ রবিবার (১৭ নভেম্বর) সকাল সাড়ে ৮ টার সময় নিজ ঘরের আড়ার সাথে গলায় প্যান্টের বেল্ট পেঁচিয়ে ঝুলে আত্মহত্যা করেন। তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের সাবেক সংরক্ষিত নারী সদস্য বিথীয়ারা খাতুন এই তথ্য নিশ্চিত করেন।

পারিবারিক সূত্রের বরাত দিয়ে তিনি জানান, রাজা হোসেনের স্থানীয় একটি মেয়ের সাথে প্রেমের সম্পর্ক ছিল। সম্প্রতি তার সাথে বিয়ের দিনক্ষণ ও নাকমাছি পরানো হয়েছিল। কিন্তু মেয়ে পক্ষ পরে বিয়ে দেইনি। নাকমাছিও ফেরত পাঠিয়েছে। এক সপ্তাহ আগে সেই মেয়েটির বিয়ে হয়ে গেছে। কয়েকদিন যাবৎ রাজা বিমর্ষ ছিল। আজ সকালে সে আত্মহত্যা করেছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, খবর পাওয়ার পর পুলিশ ঘটনাস্থলে গেছে। সুরোতহাল রিপোর্ট করে মরদেহ উদ্ধারের প্রক্রিয়া চলছে।